গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্টেশন ইনচার্জ, বাংলাদেশ প্রানিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রানিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
সাভার, ঢাকা
-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ – জুন ৩০,২০২১

## সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

# বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

আঞ্চলিক কেন্দ্র

নাইক্ষ্যংছড়ি, বান্দরবান এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the Performance of the BLRI Regional Station)**

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জন সমূহঃ**

বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান- এ হিলি, গলাছিলা এবং রেড জঙ্গল ফাউল জাতের মোরগ-মুরগী সংরক্ষণ ও উন্নয়ন, হিলি ব্রাউন বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন, রেড চিটাগাং ক্যাটলের জাত সংরক্ষণ ও উন্নয়ন, বিলুপ্তপ্রায় হরিণের জাত সংরক্ষণ ও উন্নয়ন, বিলুপ্তপ্রায় গয়ালের জাত সংরক্ষণ ও উন্নয়ন এবং সমতল ভূমির দেশি জাতের ভেড়াকে পাহাড়ি এলাকায় খাপ খাওয়ানোর লক্ষ্যে বিভিন্ন ধরণের গবেষণা কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও ১৪ টি উন্নত জাতের ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন করা হয়েছে। এই গবেষণা কেন্দ্রটি প্রতিষ্ঠালগ্ন থেকেই পাহাড়ি এলাকায় মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম ও প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে খামারীদের প্রশিক্ষণ ও কারিগরি পরামর্শ প্রদান, খাদ্য ও রোগের নমুনা পরীক্ষা , হ্যাচিং ডিম, উন্নত জাতের ছাগল ও ভেড়ার পাঁঠা এবং ঘাসের কাটিং বিতরণসহ বিভিন্ন কার্যক্রম সফলতার সাথে বাস্তবায়ন করে আসছে। বিগত ৩ বছরে ৮১০ জন খামারীকে প্রাণিসম্পদ ও পোল্ট্রি পালন বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং ৯২৮ জন খামারীকে পরামর্শ সেবা প্রদান এবং ৪৫ টি উঠান বৈঠকের আয়োজন করেছে। বিগত ৩ বছরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের মাধ্যমে খামারীদেরকে ভেড়া বিতরণ করা হয়েছে। বিগত ২০১৭ সালে প্রথমবারের মত আঞ্চলিক কেন্দ্র নাইক্ষ্যংছড়িতে বার্ষিক গবেষণা কর্মশালার আয়োজন করা হয়েছে। চলতি বছরে অত্র আঞ্চলিক কেন্দ্রস্থ গবেষণা খামারের উন্নয়নের জন্য ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রনালয়ের মাননীয় অতিরিক্ত সচিব মহোদয় উক্ত নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

প্রশিক্ষিত ও দক্ষ জনবলের স্বল্পতা অত্র আঞ্চলিক কেন্দ্রের গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অন্যতম অন্তরায়। অত্র কেন্দ্রের গবেষণা কার্যক্রম সফলতার সাথে পরিচালনা ও বাস্তবায়নে অর্থের অপ্রতুলতা ও গবেষণাগারের কাজের সুযোগ সুবিধার অভাব রয়েছে। অত্র এলাকায় প্রাণিসম্পদ ও পোল্ট্রি বাজারজাতকরণে মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম ও অস্থিতিশীল বাজারমূল্যের কারণে প্রান্তিক পর্যায়ের খামারীরা সঠিক মূল্য পাচ্ছে না। গবেষণার মাধ্যমে অত্র এলাকার প্রাণিসম্পদ ও পোল্ট্রি খামারীদের সমস্যার সমাধান, বিভিন্ন রোগ প্রতিরোধ এবং রোগ নিয়ন্ত্রন করা, অধিক উৎপাদনশীল বিভিন্ন প্রকার ফডারের জাত উন্নয়ন এবং বছরব্যাপী খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরনের মাধ্যমে দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণ করাই কেন্দ্রের প্রধান চ্যালেঞ্জ। জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় দেশীয় আবহাওয়া উপযোগী প্রাণী, পোল্ট্রি ও ঘাসের জাত উন্নয়ন, নিত্য নতুন রোগসমূহের প্রতিকার কৌশল উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করা একান্ত অপরিহার্য। এছাড়া, বর্তমান বিশ্বে বহুল আলোচিত করোনা ভাইরাস প্যান্ডেমিকের কারনে সকল ধরনের জনসমাগম থেকে বিরত থাকতে বলায় প্রশিক্ষণ, পরামর্শ সেবা , উঠান বৈঠক ও গবেষণা কর্মশালার মত বিষয় গুলোতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করা বেশ চ্যালেঞ্জিং হয়ে উঠেছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

রূপকল্প ২০৪১ ও টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) লক্ষ্যমাত্রা অর্জনে অত্র আঞ্চলিক কেন্দ্রের সমস্যা ভিত্তিক বিভিন্ন গবেষণা কার্যক্রম গ্রহণ করা হয়েছে । এসব পরিকল্পনার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, পাহাড়ী অঞ্চলের প্রাণিসম্পদ ও পোল্ট্রির সংরক্ষণ এবং উন্নয়ন। সমতল ভূমির দেশীয় ভেড়াকে পাহাড়ী পরিবেশে খাপ খাওয়ানো। চট্টগ্রাম অঞ্চলের বিখ্যাত অস্টমুখী লাল গরুকে ( রেড চিটাগং ক্যাটেল ) অত্র আঞ্চলিক কেন্দ্রে সংরক্ষণ ও উন্নয়ন করা। অবকাঠামোগত উন্নয়নের মাধ্যমে এই কেন্দ্রটিকে একটি যুগোপযোগী ও অত্যাধুনিক গবেষণা কেন্দ্রে পরিনত করা। গবাদিপশুর বিভিন্ন সংক্রামক, ইমার্জিং, রি-ইমার্জিং রোগ, জুনোটিক রোগ, ইত্যাদি সম্পর্কিত উন্নত গবেষণা করা। এছাড়া, জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলা এবং পরিবেশবান্ধব প্রাণিসম্পদ প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা করা অত্র কেন্দ্রের ভবিষ্যৎ পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ অংশ।

২০২০- ২০২১ অর্থবছরের সম্ভাব্য অর্জনঃ

- প্রানিসম্পদ উন্নয়নের লক্ষ্যে ০৪ টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন
- মানব সম্পদ উন্নয়নে ৩০০ জন খামারী/উদ্যোক্তাদের প্রশিক্ষণ
- ৩০০ জন খামারী/উদ্যোক্তাদের পরামর্শ প্রদান
- ২০ হাজার ঘাসের কাটিং বিতরণ
- ৫০ টি রোগের নমুনা পরীক্ষা
- ৪০০০ টি হ্যাচিং ডিম বিতরণ
- বার্ষিক গবেষণা কর্মশালা ২০২০ বাস্তবায়ন
- ১২ টি উঠান বৈঠক বাস্তবায়ন
- ৬ টি প্রাণীর জাত সংরক্ষণ ও উন্নয়ন
- ১৫ টি ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর /সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে,

স্টেশন ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
আঞ্চলিক কেন্দ্র
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান

এবং

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা এর মধ্যে ২০২০ সালের ..................... মাসের ..................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives) এবং কার্যাবলি (Functions)

১.১ রূপকল্প (Vision) : দেশের প্রাণিসম্পদের উন্নয়নের জন্য জাতীয় চাহিদার নিরীখে গবেষণা কার্যক্রম পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন

১.২ অভিলক্ষ্য (Mission): প্রাণিসম্পদের উৎপাদন সমস্যা চিহ্নিতকরণ এবং গবেষণালব্ধ জ্ঞান ও প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি করে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ।

১.৩) কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ ইনস্টিটিউটের কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives of the Institute):

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা

২. প্রাণিসম্পদ/ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন

৩. মানবসম্পদ উন্নয়ন

৪. .প্রাথমিক সম্প্রসারণ কার্যক্রম

৫. বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (Compulsory Strategic Objectives):

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনের গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions):

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা।

২. জাত উন্নয়ন ও গবেষণার নিমিত্ত প্রাণিসম্পদের জাত ও ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ।

৩. প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর।

৪. মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে খামারী/উদ্যোক্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।

৫. খামারী পর্যায়ে প্রাণিসম্পদ প্রযুক্তির প্রাথমিক সম্প্রসারণের নিমিত্তে পরামর্শ সেবা (গবাদি প্রাণী পালন /পোল্ট্রি পালন /প্রাণিস্বাস্থ্য ব্যবস্থাপনা /ঘাস চাষ বিষয়ক), প্রাণী রোগের নমুনা পরিক্ষণ, বিতরণ সেবা (জীবন্ত প্রাণী/পোল্ট্রি/ হ্যাচিং ডিম/ঘাসের কাটিং) প্রদান।

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

(মোট মান: ৭৫ )

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight) | কার্যক্রম (Functions) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/ Criteria Value For FY 2020-21) | | | | | প্রক্ষেপণ ২০২১-২২ (Target 2021-22) | প্রক্ষেপণ ২০২২-২৩ (Target 2022-23) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [১] প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা | ৮ | [১.১] প্রাণিসম্পদ সম্পর্কিত গবেষণা | বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | সংখ্যা | ৮ | ২ | ৪ | ৪ | ৩ | ৩ | ২ | ১ | ৫ | ৬ |
| [২] প্রাণিসম্পদ/ঘাসের জাত সংরক্ষণ ও উন্নয়ন | ২০ | [২.১] প্রাণিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত প্রাণীর জাত | সংখ্যা | ১০ | ৫ | ৫ | ৬ | ৫ | ৪ | ৪ | ৩ | ৬ | ৭ |
| | | [২.২] ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | সংখ্যা | ১০ | ১২ | ১৪ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ৯ | ১৬ | ১৮ |
| [৩] মানবসম্পদ উন্নয়ণ | ১২ | [৩.১] খামারী/উদ্যোক্তা/ প্রশিক্ষণ | প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | সংখ্যা | ১২ | ৩০০ | ২১০ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩৫০ | ৪০০ |
| ম[৪] প্রাথমিক সম্প্রসারণ কার্যক্রম | ৩০ | [৪.১] পরামর্শ সেবা | পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা | সংখ্যা | ১০.০ | ২৭৪ | ৩০৫ | ৩০০ | ২৭০ | ২৪০ | ২১০ | ১৮০ | ৩৫০ | ৪০০ |
| | | [৪.২] প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | পরীক্ষিত রোগের নমুনা | সংখ্যা | ৫.০ | ৩৭ | ৪ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৮০ | ১০০ |
| | | [৪.৩] ঘাসের কাটিং বিতরণ | বিতরণকৃত ঘাসের কাটিং | সংখ্যা | ৫.০ | ১১৯০০ | ১৯৯০০ | ২০০০০ | ১৮০০০ | ১৬০০০ | ১৪০০০ | ১২০০০ | ২২০০০ | ২৫০০০ |
| | | [৪.৪ হ্যাচিং ডিম বিতরণ | বিতরণকৃত হ্যাচিং ডিম | সংখ্যা | ৫.০ | ৪১৬৫ | ৪৬৩৩ | ৪০০০ | ৩৬০০ | ৩২০০ | ২৮০০ | ২৪০০ | ৪২০০ | ৪৫০০ |
| | | [৪.৫ ] উঠান বৈঠক | বাস্তবায়নকৃত উঠান বৈঠক | সংখ্যা | ৫.০ | ১৫ | ১৫ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ১৫ | ১৮ |
| [৫] বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা | ৫ | বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালার আয়োজন | বাস্তবায়িত বার্ষিক কর্মশালা | সংখ্যা | ৫.০ | - | - | ১ | - | - | - | - | ১ | ১ |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর-২৫ )

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight) | কার্যক্রম (Functions) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/ Criteria Value For FY 2020-21) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতিমানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহিতা নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | ২ | ১ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |
| [২] কর্মসম্পাদনের গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১ | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | সংখ্যা | ২ | ২৫-২-২১ | ২৫-৩-২১ | ২৫-৪-২১ | ২৫-৫-২১ | - |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | - |
| | | | [২.৪.২] ১০ গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি/ বাজেট বাস্তবায়ন) | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিস্পত্তি কার্যকক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরিত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা মন্ত্রণালয়/বিভাগে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৫-১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, স্টেশন ইনচার্জ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান এর সম্মানিত বিভাগীয় প্রধানের প্রতিনিধি হিসেবে উক্ত ইনস্টিটিউট এর মহাপরিচালক মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে উক্ত আঞ্চলিক কেন্দ্র নাইক্ষ্যংছড়ি, বান্দরবান এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................<br>স্টেশন ইনচার্জ<br>বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট<br>আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | 26/09/20<br>..............................<br>তারিখ |
| ............................................<br>মহাপরিচালক<br>বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা-১৩৪১ | 26/09/2020<br>..............................<br>তারিখ |

সংযোজনী-১

# শব্দ সংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষরসমূহ | বর্ণনা |
|---|---|---|
| ১. | বিএলআরআই | বাংলাদেশ প্রানিসম্পদ গবেষণা ইনস্টিউট (Bangladesh Livestock Research Institute) |
| ২. | SDG | টেকসই উন্নয়ন অভীষ্ট ( Sustainable Development Goals ) |

সংযোজনী:২ - কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক সমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপণ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্রানিসম্পদ সম্পর্কিত গবেষণা | বাস্তবায়িত গবেষণা কার্যক্রম | জাত উন্নয়ন বিষয়ক গবেষণার মাধ্যমে প্রানিসম্পদের জাত উন্নয়ন করা । | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ২. | প্রানিসম্পদ সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত প্রাণীর জাত | জাত সংরক্ষণ ও গবেষণার লক্ষ্যে সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ৩. | ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ ও উন্নয়ন | সংরক্ষিত ঘাসের জার্মপ্লাজম | জাত সংরক্ষণ/গবেষণা/বিতরণের নিমিত্তে সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ৪. | খামারী/উদ্যোক্তা প্রশিক্ষণ | প্রশিক্ষিত খামারী/ উদ্যোক্তা | বিষয় ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে প্রাণিসম্পদ পালনে দক্ষ মানব সম্পদ তৈরী করা। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বিএলআরআই এর বার্ষিক গবেষণা মূল্যায়ন কর্মশালা ও বার্ষিক প্রতিবেদন | |
| ৫. | পরামর্শ সেবা | পরামর্শ প্রদানকৃত খামারী/উদ্যোক্তা | খামার স্থাপন ও গবাদি প্রাণী/পোল্ট্রি পালন/রোগ বালাই সংক্রান্ত পরামর্শ প্রদানের মাধ্যমে খামারী/উদ্যোক্তাদের সমস্যার সমাধান করা। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/ প্রশিক্ষণ প্রতিবেদন | |
| ৬. | প্রাণী রোগের নমুনা পরীক্ষণ | পরীক্ষিত রোগের নমুনা | গবাদি প্রাণী/পোল্ট্রির রোগসমূহ সঠিকভাবে সনাক্ত করা। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/ প্রশিক্ষণ প্রতিবেদন | |
| ৭. | ঘাসের কাটিং বিতরণ | বিতরণকৃত ঘাসের কাটিং | মাঠ পর্যায়ের খামারীদের মাঝে উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণের মাধ্যমে ঘাসের উৎপাদন বৃদ্ধি ক। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/ রেজিস্ট্রার বই | |
| ৮. | হ্যাচিং ডিম বিতরণ | বিতরণকৃত হ্যাচিং ডিম | অধিক উৎপাদনশীল পোল্ট্রির হ্যাচিং ডিম বিতরণের মাধ্যমে খামারী/উদ্যোক্তাদের উদ্বুদ্ধ করা। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/ রেজিস্ট্রার বই | |
| ৯. | উঠান বৈঠক | বাস্তবায়নকৃত উঠান বৈঠক | প্রাণিসম্পদ ও পোল্ট্রি পালন বিষয়ে খামারীদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠকের আয়োজন করা । | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন/ রেজিস্ট্রার বই | |
| ১০. | বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালার আয়োজন | বাস্তবায়িত বার্ষিক কর্মশালা | বছরব্যাপী গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল সম্পর্কে সকলকে অবহিতকরণ এবং পরামর্শ গ্রহণ। | বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান | বার্ষিক প্রতিবেদন | |